জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়, ঢাকা।
website: jb.com.bd

এ্যাকাউন্টস ডিপার্টমেন্ট
ফোনঃ ০২-২২৩৩৫৬৩২৬

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বরঃ ১৩১৭/২৫

তারিখ ঃ ০২ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ
১৯ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/সকল বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/সকল এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী
বাংলাদেশ।

**বিষয় ঃ নির্দেশ বিজ্ঞপ্তি নং-১২৭৭/২০২৪ তারিখ ২১/০৮/২০২৪ ইং তে উল্লিখিত কতিপয় খাতের ভ্যাট কর্তনের হার সংশোধন/পরিবর্তন প্রসঙ্গে।**

মহোদয়,
অত্র ডিপার্টমেন্ট হতে বিষয়ে বর্ণিত নির্দেশ বিজ্ঞপ্তি মোতাবেক মূল্য সংযোজন কর, উৎসে কর ও আবগারি শুল্ক কর্তন করার নির্দেশনা দেয়া হয়েছিল। কিন্তু সম্প্রতি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত এসআরও নং যথাক্রমে ১৯-আইন/২০২৫/২৭৩-মূসক, ৩৯-আইন/২০২৫/২৭৫-মূসক এবং ৪১-আইন/২০২৫/২৭৭-মূসক, তারিখ ৯ জানুয়ারী,২০২৫ খ্রিঃ ও ২২ জানুয়ারী ২০২৫ খ্রিঃ এর মাধ্যমে কতিপয় খাতের মূল্য সংযোজন কর (VAT) কর্তনের হার পুনঃনির্ধারণ/পরিবর্তন করায় সেসকল খাতসমূহে পরিবর্তিত প্রযোজ্য হারে ভ্যাট কর্তন নিশ্চিত করার জন্য খাতের নামসহ কর্তনের হার নিম্নে বিধৃত হলো।

| ক্রঃ নং | সেবার কোড | সেবা খাতের নাম | নিঃ বিঃ ১২৭৭/২৪ অনুযায়ী ভ্যাট কর্তনের বিদ্যমান হার | সংশোধিত এসআরও অনুযায়ী ভ্যাট কর্তনের পরিবর্তিত হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | এস ০০১.১০ | নন এসি হোটেল | ৭.৫% | ১০% | কোনরূপ অস্পষ্টতা দেখা দিলে এসআরও নং- ১৯, ৩৯ ও ৪১ তারিখ যথাক্রমে ০৯/০১/২০২৫ এবং ২২/০১/২০২৫ অবলোকন করার পরামর্শ দেয়া হলো। |
| ২ | এস-০০৮.১০ | ছাপাখানা সংস্থা | ১০% | ১৫% | |
| ৩ | এস-০১৪.০০ | ইনডেন্টিং সংস্থা | ৫% | ১৫% | |
| ৪ | এস-০৩১.০০ | পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা | ১০% | ১৫% | |
| ৫ | এস-০৩৭.০০ | যোগানদার (Procurement Provider) | ৭.৫% | ১০% | |
| ৬ | এস-০৪৮.০০ | পরিবহন ঠিকাদার (ক) পেট্রোলিয়াম জাত পণ্য পরিবহনের ক্ষেত্রে | ৫% | ৫% | |
| | | পরিবহন ঠিকাদার (খ) অন্যান্য পণ্য পরিবহনের ক্ষেত্রে | ১০% | ১৫% | |
| ৭ | এস-০৫৩.০০ | বোর্ড সভায় যোগদানকারী | ১০% | ১৫% | |
| ৮ | এস-০৬৫.০০ | ভবন মেঝে ও অঙ্গন পরিষ্কার/রক্ষনাবেক্ষণকারী সংস্থা | ১০% | ১৫% | |

**এমতাবস্থায়, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত উপরোল্লিখিত এসআরও অনুযায়ী উল্লিখিত খাতসমূহে সংশোধিত/পরিবর্তিত প্রযোজ্য হারে ভ্যাট কর্তন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এ নির্দেশ বিজ্ঞপ্তি জারি করা হলো যা ০৯/০১/২০২৫ ইং তারিখ হতে কার্যকর হবে এবং নির্দেশ বিজ্ঞপ্তি নং-১২৭৭/২৪ এর অন্যান্য সকল নির্দেশনা বলবৎ থাকবে।**

**জাতীয় রাজস্ব আহরণে বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপুর্ণ।**

আপনার বিশ্বস্ত

০২/০২/২৫

(মোঃ আবুল হোসেন)
উপমহাব্যবস্থাপক

(মোঃ নুরুল আলম, এফসিএমএ এফসিএ)
ডিএমডি এন্ড সিএফও

D:\Subas\VAT & Tax circulr 2024 A4 -Amendment.docx